বাংলাদেশ কৃষি ব্যাংক
আইন বিভাগ
প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

গণমানুষের ব্যাংক
ফোন ঃ ০২-২২৩৩৮৪৪৮৭, ০২-৪৭১২০৫১৬
email: dgmlaw@krishibank.org.bd

## আইনজীবী প্যানেলভুক্তকরন সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংকের প্যানেলভুক্ত আইনজীবী নিয়োগ সংক্রান্ত পরিপত্র নং ০৩/২০১৯ এর আলোকে বিজ্ঞ আইনজীবীদের নতুন করে প্যানেলভুক্ত করার লক্ষ্যে আইন পেশায় নিয়োজিত দক্ষ ও অভিজ্ঞ আইনজীবীদের নিকট থেকে নির্দিষ্ট ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১. | প্যানেল আইনজীবী | ক. প্যানেলভুক্তির ক্ষেত্রে প্রার্থীর আইন বিষয়ে ডিগ্রিসহ আইনজীবী হিসেবে বাংলাদেশ বার কাউন্সিলের সনদ থাকতে হবে।<br>খ. উচ্চ আদালতে মামলা পরিচালনার জন্য আইন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকায় প্যানেলভুক্তির ক্ষেত্রে প্রার্থীর বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ আইন পেশায় কমপক্ষে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ. নিম্ন আদালতে মামলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট জেলা জজ আদালতে আইনজীবী হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট আইনজীবী সমিতির সদস্য হতে হবে।<br>ঘ. বিগত ২৭-০৯-২০২৫ তারিখ ভিত্তিক প্যানেলভুক্ত আইনজীবীদের নতুন করে প্যানেলভুক্তির আবেদন করার প্রয়োজন নেই। |

২। আইনজীবীগণের প্যানেলভুক্তির মেয়াদকাল হবে ০২ (দুই) বছর।

৩. ব্যাংকে প্যানেলভুক্তির জন্য আইনজীবীগণ কোন সম্মানী/ফিস প্রাপ্য হবেন না। ব্যাংকের পক্ষে মামলা পরিচালনা ও অন্যান্য আইনগত কার্যাবলী সম্পাদনের জন্য প্যানেলভুক্ত আইনজীবীগণ সময়ে সময়ে ব্যাংক কর্তৃক জারীকৃত পরিপত্র মোতাবেক ফিস প্রাপ্য হবেন।

৪. আগ্রহী প্রার্থীগণকে ০২ কপি পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত, সম্প্রতি তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, বাংলাদেশ বার কাউন্সিল সনদের সত্যায়িত কপি, সংশ্লিষ্ট আইনজীবী সমিতির অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি সম্বলিত ০২ সেট আবেদন দাখিল করতে হবে। উচ্চ আদালত এবং প্রশাসনিক ট্রাইব্যুনাল ঢাকায় প্যানেলভুক্তির জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের আইন বিভাগের উপমহাব্যবস্থাপক বরাবর এবং ঢাকাসহ অন্যান্য এলাকার নিম্ন আদালতে প্যানেলভুক্তির জন্য ব্যাংকের সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক, এলপিও / অঞ্চল প্রধান / কর্পোরেট শাখার উপমহাব্যবস্থাপক বরাবর আগামী ৩১-০৮-২০২৬ তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য, বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েবসাইট **www.krishibank.gov.bd** এর নোটিশ/সার্কুলার অংশে বিস্তারিত তথ্য পাওয়া যাবে।

স্বাক্ষরিত
(আঃ সঃ মঃ বাবর)
উপমহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

সংযুক্তি 'ক'

## আইনজীবী হিসেবে প্যানেলভুক্তির জন্য আবেদনপত্রের নির্ধারিত ছক

১। নাম ঃ

২। পিতার নাম ঃ

৩। স্থায়ী ঠিকানা ঃ

৪। বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর (ই-মেইলসহ) ঃ

৫। জন্ম তারিখ ও বর্তমান বয়স ঃ
(............ ইং তারিখে)

৬। শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয়ের নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |

৭। আইনজীবী হিসেবে তালিকাভুক্তির তারিখ
ও আইনজীবী সমিতির নাম ঃ

৮। আইন পেশায় অভিজ্ঞতা (অর্থঋণ আদালত/জেলা জজ কোর্ট/প্রশাসনিক ট্রাইব্যুনাল/সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ/অন্যান্য আদালতে মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা আলাদা আলাদাভাবে উল্লেখ করতে হবে)। ঃ

৯। আইন পেশায় বিশেষ ক্ষেত্রে পারদর্শিতা
(ব্যাংকিং আইন ও কোম্পানী আইনের আওতায়
পরিচালিত প্রতিষ্ঠানওয়ারী মোট কেসের সংখ্যা
এবং বিজয়ী ও বিজিত কেসের সংখ্যা উল্লেখ করতে হবে) ঃ

১০। বর্তমানে অন্য কোন প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে
নিয়োজিত আছেন কিনা, থাকলে প্রতিষ্ঠানের নাম এবং
সময়কাল ঃ

১১। আইনজীবী সমিতির বর্তমান সভাপতি অথবা সম্পাদকের প্রত্যয়নপত্র ঃ

১২। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সমুদয় ঃ
সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি এবং দুই কপি
পাসপোর্ট আকারের ফটো

তারিখ ঃ..................

আবেদনকারীর পূর্ণাঙ্গ স্বাক্ষর
(আবেদন কারীর নাম)